গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
মেরামত শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৩০.২৬.০০১.২২-১৫৫

তারিখঃ ১০ জৈষ্ঠ্য ১৪২৯বঙ্গা: / ২৪ মে, ২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরের পরিচালন বাজেটের আওতায় পরিচালন বাজেটের আওতায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হতে ছাড়কৃত অর্থে গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত মেরামত ও সংস্কার কাজের পরিদর্শন প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র: মেরামত শাখার ০৭/০৩/২০২২ তারিখের স্মারক নং ৫৯.০০.০০০০.১৩০.৯৯.০১২.১৯-৬৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২০-২১ অর্থবছরের পরিচালন বাজেটের আওতায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (-১৬২০১০১-১৩৩৩২১-৩২৫৮১০৮ "অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত ও সংরক্ষণ" খাত) হতে ছাড়কৃত অর্থে গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত খুলনা নার্সিং ও মিডওয়াইফারি কলেজের বিভিন্ন স্থাপনার খাতভিত্তিক মেরামত ও সংস্কার কাজ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রস্তুতকৃত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত দাখিল করা হলো।

সংযুক্তি: সংযুক্তি: ৬ পাতা

24/05/22

(মোহাম্মদ মফিজুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ০২-৯৫৪৫৭৩২

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি/অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশসচিবালয়, ঢাকা।

# খুলনা নার্সিং ও মিডওয়াইফারি কলেজের ২০২০-২১ অর্থবছরের মেরামত ও সংস্কার কাজ পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম: মোহাম্মদ মফিজুল ইসলাম

পদবী: উপসচিব

পরিদর্শনের তারিখ: ২১/০৪/২০২২ খ্রি.

## প্রতিবেদন

আমি নিম্নস্বাক্ষরকারী গত ২১/০৪/২০২২ খ্রি.তারিখ বিকাল ২:০০ ঘটিকা হতে বিকাল ৫:৪৫ ঘটিকা পর্যন্ত খুলনা নার্সিং ও মিডওয়াইফারি কলেজের ২০২০-২১ অর্থবছরে সম্পাদিত মেরামত ও সংস্কার কাজ পরিদর্শন করি। পরিদর্শনকালে উক্ত কলেজের অধ্যক্ষ সৈয়দা রোখসানা খানম, নার্সিং ইন্সট্রাক্টর ছবি রাণী হাওলাদার, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপবিভাগীয় প্রকৌশলী ও উপ-সহকারি প্রকৌশলী উপস্থিত ছিলেন।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুকূলে "অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত ও সংরক্ষণ" খাতে অর্থ বিভাগ হতে ছাড়কৃত অর্থ হতে ২০২০-২১ অর্থবছরে খুলনা নার্সিং ও মিডওয়াইফারি কলেজের গণপূর্ত বিভাগ-২ খুলনার মাধ্যমে বাস্তবায়নযোগ্য ৯টি কাজের বিপরীতে মোট-৮৫ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় যার বিস্তারিত তথ্য নিম্নরূপ:

| ক্রম. | কাজের নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|
| ০১ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর হোস্টেল-কাম-প্রশাসনিক ভবনের ৩য় ও ৪র্থ তলায় টাইলস সরবরাহ ও সংযোজনের মাধ্যমে সংস্কার ও মেরামত কাজকরণ | ১৫.০০ |
| ০২ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর হোস্টেল-কাম-প্রশাসনিক ভবনের ২য়, ৩য় ও ৪র্থ তলার কক্ষের জানালায় থাই গ্লাস সরবরাহ ও সংযোজনের মাধ্যমে সংস্কার ও মেরামত কাজ | ১২.০০ |
| ০৩ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর দেড় ইঞ্চি পাইপ পরিবর্তনপূর্বক ২ ইঞ্চি নতুন পাইপ সংযোজন করে ও ড্রেনের সার্বিক মেরামত ও সংস্কার কাজ | ৮.০০ |
| ০৪ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর গ্যারেজের উপরের টিনসেড ফেলে দিয়ে ছাঁদ স্থাপন/নির্মাণ, রান্না ঘরের জলছাদ ও ডাইনিং রুমের পুরাতন টিন পরিবর্তনপূর্বক নতুন টিন সরবরাহ ও সংযোজনের মাধ্যমে মেরামত কাজ | ৫.০০ |
| ০৫ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর ছাত্রীদের পানি সাপ্লাই এবং আবাসিক কোয়ার্টারে পানি সাপ্লাই এর জন্য আধুনিক ও উন্নতমানের ২(দুই)টি সাবমার্সিবল পাম্প সরবরাহ ও সংযোজন কাজ | ৮.০০ |
| ০৬ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর আবাসি ককোয়ার্টারের জানালায় থাই গ্লাস সরবরাহ ও সংযোজনের মাধ্যমে সংস্কার ও মেরামত কাজ, নিচ তলার কলাপসিবল গেট মেরামত ও সংস্কার কাজ এবং টাইলস সংযোজন এবং | ১৩.০০ |

| | | |
|---|---|---|
| | আবাসিক কোয়ার্টার সংলগ্ন পুরাতন টিউবওয়েল এর স্থলে নতুন ও উন্নতমানের ১(এক)টি টিউবওয়েল স্থাপন | |
| ০৭ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর বিদ্যুতের সার্ভিস পোল পরিবর্তনপূর্বক নতুন পোল সরবরাহ ও সংযোজন এবং বিদ্যুতের সার্ভিস লাইনের সকল কেবল (তার) পরিবর্তনপূর্বক নতুন কেবল (তার) সরবরাহ ও সংযোজন | ৮.০০ |
| ০৮ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর আধুনিক ও উন্নতমানের ১০০ (একশত) পিস সিলিং ফ্যান সরবরাহ ও সংযোজন করা এবং হোষ্টেল-কাজ-প্রশাসনিক ভবনের ছাত্রীদের বিভিন্ন রুমে ব্যবহারের জন্য ২০০ (দুইশত) পিস টিউবলাই টসরবরাহ ও সংযোজন করা | ৮.০০ |
| ০৯ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর হোষ্টেল-কাম-প্রশাসনিক ভবনের মাঝখানের ফাঁকা জায়গায় পার্কিং টাইলসকরণ কাজ | ৮.০০ |
| | **মোট প্রাক্কলিত অর্থের পরিমাণ** : ৮৫ লক্ষ টাকা | ৮৫ লক্ষ টাকা |

**বাস্তবায়নকারী দপ্তর** : গণপূর্ত বিভাগ

**স্থানীয় সংস্থার নাম** :

১) নির্বাহী প্রকৌশলী , গণপূর্ত বিভাগ-২, খুলনা।

২) উপবিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, খুলনা।

৩) উপসহকারী সহকারী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, খুলনা।

উপরের ছকে উল্লেখিত ০৯টি কাজের মধ্যে পরিমাপযোগ্য কাজসমূহ Measuring tap ব্যবহার করে সরেজমিনে পরিমাপ করা হয় । উক্ত পরিমাপের ভিত্তিতে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে যা নিম্নোক্ত ছকে সবিস্তারে উল্লেখ করা হয়েছে।

| ক্রম. | কাজের নাম | বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর হোষ্টেল-কাম-প্রশাসনিক ভবনের ৩য় ও ৪র্থ তলায় টাইলস সরবরাহ ও সংযোজনের মাধ্যমে সংস্কার ও মেরামত কাজকরণ | ১৫.০০ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর হোষ্টেল-কাম-প্রশাসনিক ভবনের ৩য় ও ৪র্থ তলায় টাইলস সরবরাহ ও সংযোজনের মাধ্যমে সংস্কার ও মেরামত কাজ Measuring tap ব্যবহার করে সরেজমিনে পরিমাপ করা হয়েছে। কক্ষগুলোর জানালার উপর অংশের RCC Lintel নির্মাণ করে নতুন Thai Alumiinium window স্থাপন করা হয়েছে।<br>কাজের পরিমাণ সন্তোষজনক। |
| ০২ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর হোষ্টেল-কাম-প্রশাসনিক ভবনের ২য়, ৩য় ও ৪র্থ তলার কক্ষের জানালায় থাই গ্লাস সরবরাহ ও সংযোজনের মাধ্যমে সংস্কার | ১২.০০ | জানালার উপর অংশের RCC Lintel নির্মাণ করে এলুমিনিয়াম ফ্রেমের মাধ্যমে ৯৬টি Thai Alumiminium window স্থাপন করা হয়েছে।<br>কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক। |

| | | | |
|---|---|---|---|
| | ও মেরামত কাজ | | |
| ০৩ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর দেড় ইঞ্চি পাইপ পরিবর্তনপূর্বক ২ ইঞ্চি নতুন পাইপ সংযোজন করে ও ড্রেনের সার্বিক মেরামত ও সংস্কার কাজ | ৮.০০ | ২ ইঞ্চি নতুন পাইপ সংযোজন কাজ মোটামুটি সন্তোষজনক। সরেজমিনে ২৭১ ফুট আন্ডারগ্রাউন্ড পাইপ সকেট জয়েন্টসহ ভবনের ছাদ পর্যন্ত পানির লাইনের ট্যাংকের সাথে সংযুক্ত করা হয়েছে। ড্রেনেরবেড, সাইডওয়াল ও Top surface level দেখে বরাদ্দকৃত অর্থের বিপরীতে সম্পাদিত কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক প্রতীয়মান হয়। |
| ০৪ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর গ্যারেজের উপরের টিনসেড ফেলে দিয়ে ছাঁদ স্থাপন/নির্মাণ, রান্না ঘরের জলছাদ ও ডাইনিং রুমের পুরাতন টিন পরিবর্তনপূর্বক নতুন টিন সরবরাহ ও সংযোজনের মাধ্যমে মেরামত কাজ | ৫.০০ | ১। গ্যারেজের উপরের টিনসেড ফেলে দিয়ে ৫ ইঞ্চি thickness এর ২৫' × ১৫' সাইজের ছাদ নির্মাণ করা হয়েছে। সংশ্লিষ্ট প্রকৌশলীর ভাষ্যমতে ছাদের কাজে ৪৪৫ কেজি MS রড ব্যবহার করা হয়েছে।<br>২। হোস্টেলের রান্না ঘরের জলছাদ ও ডাইনিং রুমের পুরাতন টিন পরিবর্তনপূর্বক নতুন টিন সরবরাহ ও সংযোজনের মাধ্যমে মেরামত কাজ করা হয়েছে।<br>কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক। |
| | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর ছাত্রীদের পানি সাপ্লাই এবং আবাসিক কোয়ার্টারে পানি সাপ্লাই এর জন্য আধুনিক ও উন্নতমানের ২(দুই)টি সাবমার্সিবল পাম্প সরবরাহ ও সংযোজন কাজ | ৮.০০ | খুলনা নার্সিং ও মিডওয়াইফারি কলেজের ছাত্রীদের পানি সাপ্লাই এবং আবাসিক কোয়ার্টারে পানি সাপ্লাই এর জন্য আধুনিক ও উন্নতমানের ২(দুই)টি স্থাপন করা হয়েছে। cylindrical shape এর 5.5 horse power এর দুটি পাম্প ক্রয় করা হয়েছে যার মধ্যে একটি বর্তমানে ভবনসমূহের পানি সরবরাহের কাজে ব্যবহৃত হচ্ছে ও অপরটি Standby হিসেবে store রুমে সংরক্ষিত আছে। সম্পাদিত কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক। |
| ০৬ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর আবাসিক কোয়ার্টারের জানালায় থাই গ্লাস সরবরাহ ও সংযোজনের মাধ্যমে সংস্কার ও মেরামত কাজ, নিচ তলার কলাপসিবল গেট মেরামত ও সংস্কার কাজ এবং টাইলস সংযোজন এবং আবাসিক কোয়ার্টার সংলগ্ন পুরাতন টিউবওয়েল এর স্থলে নতুন ও উন্নতমানের ১(এক)টি | ১৩.০০ | ৪৪ টি জানালায় থাই গ্লাস সরবরাহ ও সংযোজনের কাজ, নিচতলার কলাপসিবল গেইট মেরামত করা হয়েছে এবং kitchen and wash room টাইলস করা হয়েছে। তবে নতুন টিউবওয়েল স্থাপনের প্রস্তাব কাজের নামের সাথে থাকলেও পুরাতন টিউবওয়েলের উপরের অংশ সংযোজন করা হয়েছে। প্রাক্কলন মোতাবক কাজ হয়েছে কিনা এ বিষয়ে খুলনা নার্সিং ও মিডওয়াইফারি কলেজের অধ্যক্ষের নিকট মৌখিকভাবে জানতে চাওয়া হলে তিনি জানান- আবাসিক কোয়ার্টারে জানালায় |

| | | | |
|---|---|---|---|
| | টিউবওয়েল স্থাপন | | নতুন থাই গ্লাস লাগানো হয়েছে, নিচতলার কলাপসিবল গেইট মেরামত করা হয়েছে এবং kitchen and wash room টাইলস করা হয়েছে। প্রতিষ্ঠান প্রধান সন্তোষজনক মর্মে কাজ বুঝে নিয়েছেন।<br>সার্বিক বিবেচনায় বরাদ্দকৃত অর্থের বিপরীতে সম্পাদিত কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক প্রতীয়মান হয়। |
| ০৭ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর বিদ্যুতের সার্ভিস পোল পরিবর্তনপূর্বক নতুন পোল সরবরাহ ও সংযোজন এবং বিদ্যুতের সার্ভিস লাইনের সকল কেবল (তার) পরিবর্তনপূর্বক নতুন কেবল (তার) সরবরাহ ও সংযোজন | ৮.০০ | সময় স্বল্পতার কারণে কাজটি পরিদর্শন করা সম্ভব হয়নি। প্রতিষ্ঠান প্রধান সন্তোষজনক মর্মে কাজ বুঝে নিয়েছেন। কাজ সন্তোষজনকভাবে সম্পাদিত হওয়ার বিষয়ে প্রতিষ্ঠান প্রধান, কাজ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান গণপূর্ত বিভাগের প্রকৌশলীসহ তিন সদস্যের প্রত্যয়ন রয়েছে। |
| ০৮ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর আধুনিক ও উন্নতমানের ১০০ (একশত) পিস সিলিং ফ্যান সরবরাহ ও সংযোজন করা এবং হোস্টেল-কাজ-প্রশাসনিক ভবনের ছাত্রীদের বিভিন্ন রুমে ব্যবহারের জন্য ২০০ (দুইশত) পিস টিউবলাই টসরবরাহ ও সংযোজন করা | ৮.০০ | ১০০ (একশত) পিস সিলিং ফ্যান সরবরাহ ও সংযোজন করা এবং হোস্টেল-কাম-প্রশাসনিক ভবনের ছাত্রীদের বিভিন্ন রুমে ব্যবহারের জন্য এবং ২০০ (দুইশত) পিস টিউবলাইট সরবরাহ ও সংযোজন করা হয়েছে। সিলিং ফ্যান ও টিউবলাইটের ক্রয়মূল্য, মালামাল পরিবহন খরচ, লোড-আনলোড খরচ, লিফটিং খরচ, পুরাতন ফ্যান ও লাইট অপসারণ খরচ ও নতুন করে স্থাপনের জন্য আনুষঙ্গিক কাজ বাবদ খরচ, বিধি মোতাবেক প্রদেয় ভ্যাট, আয়কর ও ঠিকাদারের লাভ ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে প্রতীয়মান হয় যে সম্পাদিত কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক। |
| ০৯ | নার্সিং ইনস্টিটিউট, খুলনা এর হোস্টেল-কাম-প্রশাসনিক ভবনের মাঝখানের ফাঁকা জায়গায় পার্কিং টাইলসকরণ কাজ | ৮.০০ | কাজের পরিমাণ সন্তোষজনক। |

**সার্বিক মন্তব্য :** মোট বরাদ্দকৃত অর্থ হতে নির্ধারিত VAT ও IT কর্তন, Contractor's profit, Carrying cost, equipment mobilization ইত্যাদি বিষয় বিবেচনায় বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রাক্কলন অনুযায়ী সম্পাদিত কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক। ই-জিপি পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়েছে। বরাদ্দপত্রের শর্তানুযায়ী পরিদর্শকালে উপস্থিত উপ-সহকারি প্রকৌশলী প্রস্তাবিত ও সম্পাদিত কাজের Pre-work ও Post work Survey Report প্রদর্শন করেছেন। কাজ সুষ্ঠুভাবে সম্পাদিত হওয়ার বিষয়ে প্রতিষ্ঠান প্রধান, কাজ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান গণপূর্ত বিভাগের প্রকৌশলীসহ তিন সদস্যের প্রত্যয়ন রয়েছে।

সুপারিশ:

১। যেসব মেরামত ও সংস্কার কাজের জন্য বেশি পরিমাণে রড, সিমেন্ট, ইট, বালি ইত্যাদি ব্যবহৃত হতে পারে মর্মে প্রস্তাবিত কাজের প্রাক্কলন দেখে প্রতীয়মান হবে; সেসব কাজের জন্য working Design (বিশেষত: ছাদ, কলাম, বীম, দেওয়াল ইত্যাদি Load Bearing Structure এর ক্ষেত্রে ব্যবহৃত রড, সিমন্ট, ইট, বালি ইত্যাদি) ও ব্যবহৃত মালামলের Laboratory Test Report গ্রহণের Provision রাখা যেতে পারে। কারণ, ব্যবহৃত মালামালের Quality এর উপর ভবিষ্যতে Structure এর Longevity, Safety ইত্যাদি নির্ভর করে।

২। বর্তমানে Work Completion Report এ প্রতিষ্ঠান প্রধান, প্রতিষ্ঠানের অন্য একজন সদস্য ও বাস্তবায়নকারী কারিগরি প্রতিষ্ঠানের একজন প্রকৌশলী স্বাক্ষর করে থাকেন। স্থানীয় প্রশাসনের প্রধান হিসেবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কে এর সাথে সংযুক্ত করা যেতে পারে।

৩। দরপত্র মূল্যায়ন কমিটিতে ও মেরামত ও সংস্কার কাজ সুপারভিশনের জন্য জেলা প্রশাসনের এস.এ শাখার উপসহকারি প্রকৌশলীকে প্রতিনিধি হিসেবে রাখা যেতে পারে।

৪। ঠিকাদারকে চূড়ান্ত বিল প্রদানের পূর্বে সম্পাদিত সকল নির্মাণ, মেরামত ও সংস্কার কাজ মন্ত্রণালয়ের প্রতিনিধি কর্তৃক সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করা যেতে পারে।

28/06/22

মোহাম্মদ মফিজুল ইসলাম
উপসচিব (মেরামত শাখা)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ